



## “লাভেলো ডে” উদযাপন

"সমৃদ্ধির পথে আমরা একসাথে" এই প্রতিপাদ্য নিয়ে সম্প্রতি লাভেলো ডে ও পার্টনার্স মিট ২০২৩ উদযাপিত হলো ময়মনসিংহ ভালুকায় লাভেলো ফ্যাক্টরিতে।

প্রতিবারের মতো এবারও ১৪ ফেব্রুয়ারি জন্মদিন উপলক্ষে লাভেলো আয়োজন করেছিল এক ভিন্নধর্মী মিলন মেলা। এইবারের আয়োজন ছিল সারা দেশের সকল পরিবেশক ও বিক্রয় কর্মীদের নিয়ে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তৌফিকা ফুড্‌স এন্ড লাভেলো আইসক্রিম পিএলসির চেয়ারম্যান দাঁতিন' শামিমা নাগিস হক, ব্যবস্থাপনা পরিচালক দাঁতো' ইঞ্জিনিয়ার মোঃ একরামুল হক এবং কোম্পানির সকল কর্মকর্তা ও কর্মচারীগণ।

অনুষ্ঠানের মূল বক্তব্য প্রদান করেন ব্যবস্থাপনা পরিচালক দাঁতো' ইঞ্জিনিয়ার মোঃ একরামুল হক। উনার বক্তব্যে উনি গত বছরের সফলতার জন্য সকল পরিবেশক ও বিক্রয়কর্মীদের সাধুবাদ জানান এবং এই বছরের টার্গেট নির্ধারণ সহ যাবতীয় সহায়তা প্রদান করার আশ্বাস প্রদান করেন।

এরপর মধ্যাহ্নভোজের মাধ্যমে জাঁকজমকপূর্ণ অনুষ্ঠানের সমাপ্তি হয়।